

আনন্দবাজার পত্রিকা

৩ এপ্রিল ২০২২

বিশেষ প্রযুক্তি

► রেডিয়োথেরাপির উন্নত প্রযুক্তির ব্যবহার নিয়ে এক আলোচনার আয়োজন করেছিল শহরের এক বেসরকারি ক্যানসার হাসপাতাল। শনিবার সেখানেই উঠে এল ‘ভাইটাল বিম’ নামক বিশেষ প্রযুক্তির রেডিয়োথেরাপি যন্ত্রের ব্যবহার। ‘সরোজ গুপ্ত ক্যানসার সেন্টার অ্যান্ড রিসার্চ ইনসিটিউট’-এ শুরু হয়েছে এই যন্ত্রের ব্যবহার। চিকিৎসকেরা জানাচ্ছেন, ক্যানসার আক্রান্ত অংশের গভীরে গিয়ে এই যন্ত্র রেডিয়েশন দিতে সক্ষম। ওই হাসপাতালের চিকিৎসক জ্যোতিরঞ্জপ গোস্বামী বলেন, “এর ফলে পার্শ্বপ্রতিক্রিয়াও কম হয়। কারণ, প্রযুক্তির সাহায্যে অতি সূক্ষ্ম ভাবে শুধু আক্রান্ত স্থানেই হাই ডোজ রেডিয়েশন যায়। মূলত ব্রেন টিউমারের চিকিৎসায় এই যন্ত্রের ব্যবহার হয়।” ওই হাসপাতালেই এ দিন অ্যাসোসিয়েশন অব রেডিয়েশন অঙ্কোলজিস্ট, ওয়েস্ট বেঙ্গল চ্যাপ্টারের বার্ষিক সম্মেলনেরও সূচনা হয়।